দৈনিক বাংলা

তারিখ ২৬।৪।৮১ ... ... ...

পৃষ্ঠা ... ... ... ... কলাম ... ... ...

010

# জুলাই মাসে শিশু স্বাস্থ্য ইনষ্টিটিউট কাজ শুরু করিবে

(ইত্তেফাক রিপোর্ট)

ঢাকা শিশু হাসপাতালের ব্যবস্থাধীনে বাংলাদেশ শিশু স্বাস্থ্য ইনষ্টিটিউট প্রতিষ্ঠার উদ্যোগ লওয়া হইয়াছে। আগামী ১লা জুলাই হইতে ইনষ্টিটিউট নিয়মিত কাজ শুরু করিবে বলিয়া উদ্যোক্তারা জানান।

গতকাল (শনিবার) দুপুরে জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ইনিষ্টিটিউটের নবগঠিত এ্যাকাডেমিক কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ডাঃ তোফাজ্জেল আহমদ, সেক্রেটারী প্রফেসর ডাঃ এ,এফ,এম, মামুন প্রমুখ প্রতিষ্ঠানটির লক্ষ্য, উদ্দেশ্য প্রভৃতি সম্পর্কে বক্তব্য পেশ করেন।

তাঁহারা বলেন যে, শিশু হাসপাতালের ট্রাষ্টি বোর্ড ইনষ্টিটিউট প্রতিষ্ঠার উদ্যোগ লইয়াছে। হাসপাতালের ব্যবস্থাপনা বোর্ড ইনষ্টিটিউটেরও ব্যবস্থাপনার দায়িত্বে থাকিবে। তবে ইনষ্টিটিউটের কাজকর্ম পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকিবে উহার এ্যাকাডেমিক কাউন্সিল।

ইনষ্টিটিউটের লক্ষ্য হইতেছে স্নাতকোত্তর মেডিক্যাল ছাত্রদেরকে শিশু চিকিৎসা শিক্ষা

(৮ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## কাজ শুরু করিবে

(১ম পৃঃ পর)

ও প্রশিক্ষণদান, মা ও শিশুদের স্বাস্থ্য সম্পর্কে গবেষণা চালানো, গ্রামে ও শহরে মাতৃ ও শিশু স্বাস্থ্য কেন্দ্র প্রতিষ্ঠায় প্রেরণাদান, শিশুদের বাপ-মাকে রোগ ও অপুষ্টি প্রতিরোধ এবং পরিবার পরিকল্পনায় উদ্বুদ্ধ করা, পঙ্গু শিশুদের পুনর্বাসন, শিশু স্বাস্থ্যের বিষয়ে স্নাতকোত্তর শিক্ষার ক্ষেত্রে ফলপ্রসূ সমন্বয়ের উদ্দেশ্যে স্থানীয় কিংবা বিদেশী যে কোন প্রতিষ্ঠানের সহিত সহযোগিতা করা প্রভৃতি।